পাকিস্তানে বিক্ষোভ-সমাবেশ ঠেকাতে করাচিতে ১৪৪ ধারা জারি



ছবি: সংগৃহীত

পাকিস্তানের সিন্ধু প্রদেশের রাজধানী করাচিতে আগামী ২০ অক্টোবর পর্যন্ত ১৪৪ ধারা জারি করেছে স্থানীয় প্রশাসন। জনদুর্ভোগ কমানো এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঠেকাতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সোমবার (১২ অক্টোবর) করাচির কমিশনার সৈয়দ হাসান নাকভির জারি করা বিজ্ঞপ্তির বরাতে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম ডন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শহরের প্রধান সড়ক, মোড় ও চত্বরে বিভিন্ন প্রতিবাদ, বিক্ষোভ, অবস্থান কর্মসূচি ও মিছিলের কারণে তীব্র যানজট তৈরি হচ্ছে। এতে নিরাপত্তা নিয়ে উদ্বেগ বাড়ার পাশাপাশি সাধারণ মানুষের চলাচল ব্যাহত হচ্ছে। একই সঙ্গে জরুরি সেবার যানবাহন চলাচল এবং হাসপাতালে যাতায়াতেও বাধা সৃষ্টি হচ্ছে।

এসব পরিস্থিতি বিবেচনায় করাচি ডিভিশনে প্রতিবাদ, বিক্ষোভ, অবস্থান কর্মসূচি, মিছিল ও সমাবেশ নিষিদ্ধ করা হয়েছে। পাশাপাশি পাঁচজনের বেশি মানুষের জমায়েত, এসব কর্মসূচি আয়োজন বা পরিচালনা এবং এতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সহায়তা করাও নিষেধাজ্ঞার আওতায় আনা হয়েছে।

প্রশাসনের বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্ভাব্য অপ্রীতিকর ঘটনা এড়ানো, জনশান্তি ও শৃঙ্খলা বজায় রাখা, নাগরিকদের জীবন-সম্পত্তি সুরক্ষা এবং সাধারণ মানুষ ও জরুরি সেবার নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করতে এ প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। নিষেধাজ্ঞা আগামী ২০ অক্টোবর পর্যন্ত কার্যকর থাকবে।